



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (২য় সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-৬৭


তারিখঃ ০২/০২/২০১৭ খ্রি:।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের আন্তরিকতা, জবাবদিহিতা, স্বচ্ছতা, প্রকল্প বাস্তবায়নে একাগ্রতা ও সর্বপরি তদারকির উপর নির্ভর করে এ প্রকল্পের কার্যক্রমের সফল বাস্তবায়ন। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, প্রকল্পে এআরডিও-দের যথাযথ দায়িত্ব পালনে অবহেলা ও তদারকির অভাবে কিছু সংখ্যক উপজেলায় মাঠসংগঠক কর্তৃক সুফলভোগী নির্বাচনসহ ঋণ বিতরণে অনিয়ম এবং সদস্য’র নিকট থেকে আদায়কৃত সঞ্চয় ও ঋণের কিস্তি প্রকল্প হিসাবে জমা না দিয়ে আত্মসাৎ করছেন। প্রকল্পের এআরডিও-গণ তাদের অধিনস্ত মাঠসংগঠকদের দায়িত্বপ্রাপ্ত সমিতিসমূহের মধ্যে দৈবচয়নের ভিত্তিতে প্রতি সপ্তাহে প্রতি মাঠসংগঠকের ন্যূনতম একটি করে সমিতি’র হিসাব সরেজমিনে নিয়মতিভাবে যাচাই করলে কখনই মাঠসংগঠক কর্তৃক আত্মসাৎের সুযোগ নেই অথবা প্রাথমিক পর্যায়ে আত্মসাৎ করার বিষয়টি উদঘাটিত হবে। তাই মাঠসংগঠক কর্তৃক অর্থ আত্মসাৎ হলে অবশ্যই প্রকল্পের এআরডিও-গণ দায়ী হবে। আত্মসাৎ রোধকল্পে প্রকল্পের এআরডিও-দের নিয়মিতভাবে সমিতি পরিদর্শনের বিষয়টি অধিক গুরুত্বপূর্ণ বিবেচনা করে নিম্নোক্ত আদেশ জারী করা হলোঃ

“মাঠ সংগঠক কর্তৃক কোন অর্থ আত্মসাৎ প্রমানিত হলে কোন কারন দর্শানো ব্যতিরেকে প্রকল্পের চুক্তি ভিজিট নিয়োগ হতে অপসারণ করাসহ অর্থ আদায়ের বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে এবং একই সাথে দায়িত্ব অবহেলার জন্য প্রকল্পের এআরডিও-দের বেতন-ভাতা হতে আত্মসাৎকৃত অর্থের ৬০ (ষাট) ভাগ সমন্বয় করা হবে”।

২। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারী করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক(ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ, জেলাঃ
- ২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি, উপজেলাঃ, জেলাঃ
- ৩। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। উপপরিচালক, বিআরডিবি, ----- জেলা।
- ৫। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা। পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭। অফিস নথি/ ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।